অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পরিবারগুলোকে সহায়তা করার জন্য 2023 অর্থবছরের বাজেটে বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

কেনসিংটন এক্সপ্রেসওয়ের চারদিকের সবুজ স্থান পুনরুদ্ধার করার জন্য 1 বিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করা

বাফেলো বিলসকে অর্চার্ড পার্কে আরো 30 বছর রাখার জন্য 600 মিলিয়ন ডলার

স্থানীয় স্কুলের সহায়তার জন্য 169.2 মিলিয়ন ডলার

এই বাজেটে এ অঞ্চলের স্থানীয় সরকারগুলোর জন্য সাধারণ সহায়তা হিসেবে 212.3 মিলিয়ন ডলার

350,000 ওয়েস্টার্ন NY এর করদাতাদের জন্য আয়কর ছাড়

গভর্নর ক্যাথি হোকল আজ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পরিবারগুলোকে সহায়তা করার উদ্দেশ্যে 2023 অর্থবছরের বাজেটে আঞ্চলিক বিনিয়োগসমূহ সম্পর্কে ঘোষণা করেছেন। এই আঞ্চলিক বিনিয়োগগুলি গভর্নর হোকলের পূর্ববর্তী ঘোষণাগুলির উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কে বাফেলো বিলসকে রাখার জন্য চুক্তিটি, 350টিরও বেশি নতুন চাকরি তৈরি বাফেলোতে AML রাইটসোর্সের প্রসারণের সাথে, SNUG স্ট্রিট আউটরিচ কর্মচারীদের মোতায়েন, এবং বাফেলোর পূর্ব পাশে একটি নতুন 19 মিলিয়ন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু হওয়া।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্ক আমার কাছে বাড়ি - বহু সময় ধরে এই অঞ্চলের অনেক অংশ অবহেলিত ছিল, কিন্তু তা এখন এই ঐতিহাসিক বাজেটের সাথে তা শেষ হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই উল্লেখযোগ্য বিনিয়োগের সাথে, আমরা সেই আগুণকে পুনরুদ্দীপিত করতে পারি যা ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে এত বৈশিষ্ট্যমূলক করে তোলে এবং এখানে মানুষকে আকৃষ্ট করে তাদের সাথে অভিজ্ঞতা ভাগ করার জন্য। এই অঞ্চলের প্রদান করার জন্য অনেক কিছু রয়েছে এবং এটিকে আরও উজ্জ্বল করে তোলার জন্য আমাদের কাজ করার সময় এসেছে যাতে আগামী বহু প্রজন্ম তাদের নিজস্ব নিউ ইয়র্কের স্বপ্ন বাঁচার সুযোগ পায়।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের 2023 অর্থবছরের বাজেটে আঞ্চলিক বিনিয়োগসমূহের মধ্যে রয়েছে:

দর্শনীয় স্থানসমূহ এবং আকর্ষণসমূহ

- মেরামত এবং আপগ্রেডের জন্য ক্লেইনহ্যান্সের জন্য 8 মিলিয়ন ডলার
- বাফেলো এবং এরি কাউন্টি বোটানিক্যাল গার্ডেনের জন্য 23 মিলিয়ন ডলারেরও বেশি সম্প্রসারণ প্রকল্পের উদ্দেশ্যে 10 মিলিয়ন ডলার
- বাফেলো চিড়িয়াখানায় প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য 9 মিলিয়ন ডলার
- অ্যালব্রাইট-নক্স আর্ট গ্যালারিতে সম্প্রসারণের জন্য 20 মিলিয়ন ডলার
- বাফেলোতে একটি হিস্পানিক হেরিটেজ সেন্টার তৈরির জন্য 5 মিলিয়ন ডলার
- নায়াগ্রা ফলস কৃষি পর্যটন সেক্টর প্রতিষ্ঠার জন্য 9 মিলিয়ন ডলার
- নায়াগ্রা ফলস ওয়াটারফ্রন্টে 25 মিলিয়ন ডলারের বিনিয়োগ
- অর্চার্ড পার্কে 600 মিলিয়ন বাফেলো বিল স্টেডিয়াম

বাফেলো ইস্ট সাইডে করা বিনিয়োগগুলি

FY 2023 বাজেটে বাফেলোর ইস্ট সাইড সহ পূর্বে অবহেলিত স্থানগুলিতে ভুল সংশোধনের জন্য বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে। সেখানকার বিনিয়োগগুলির অন্তর্ভুক্ত:

- ব্রডওয়ে মার্কেটের জন্য 37 মিলিয়ন ডলার
- মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরের জন্য 30 মিলিয়ন ডলার
- MLK পার্কের জন্য 6 মিলিয়ন ডলারের সহায়তা
- নর্থল্যান্ড করিডোর রিডেভেলপমেন্ট এরিয়া ফেজ 3 এর জন্য 55 মিলিয়ন ডলার
- নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টারের জন্য 21 মিলিয়ন ডলার

পরিবহন

• **CHIPS স্থানীয় হাইওয়ে সহায়তা প্রোগ্রাম:** বাজেট CHIPS প্রোগ্রামের মাধ্যমে পশ্চিম নিউ ইয়র্কের স্থানীয় সড়ক ও সেতুগুলির জন্য 57.1 মিলিয়ন ডলারের অর্থ প্রদান করা হয়।
• **PAVE NY স্থানীয় হাইওয়ে সহায়তা প্রোগ্রাম:** বাজেটে NY প্রোগ্রামের মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্থানীয় সড়কের জন্য 10.5 মিলিয়ন ডলার প্রদান করা হয়।
• **চরম শীতকালীন আবহাওয়া থেকে পুনরুদ্ধার (Extreme Winter Recovery, EWR):** বাজেটে EWR প্রোগ্রামের মাধ্যমে পশ্চিম নিউ ইয়র্কের স্থানীয় সড়ক ও সেতুগুলির জন্য 11.1 মিলিয়ন ডলারের অর্থ প্রদান করা হয়।
• **স্টেট টুরিং রুটস (State Touring Routes, STR):** বাজেট STR প্রোগ্রামের মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্থানীয় সড়কের জন্য 19.1 মিলিয়ন ডলার প্রদান করা হয়।
• **পেভ আওয়ার পটহোলস (Pave our Potholes, POP):** বাজেটে POP প্রোগ্রামের মাধ্যমে স্থানীয় রাস্তার জন্য 10.5 মিলিয়ন ডলার অর্থ প্রদান করা হয়।
• **সড়ক ও সেতুর উন্নয়ন:** বাজেটে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের রাস্তা ও সেতু প্রকল্পগুলির জন্য অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে, যেমন:
    o চাউটাকুয়া কাউন্টির নর্থ হারমোনি শহরে চাউটাকুয়া হ্রদের উপর আন্তঃরাজ্য 86 বহনকারী তিনটি সেতুর পুনর্বাসনের জন্য 41.8 মিলিয়ন ডলার।

o রুট 219 বরাবর ফুটপাথ পুনর্নবীকরণ এবং সাধারণ সেতু মেরামতের জন্য 12.2 মিলিয়ন ডলার, সেনেকা নেশন অফ ইন্ডিয়ানস টেরিটরির এক মাইল দক্ষিণ থেকে ইন্টারস্টেট 86 এবং রুট 954T, ইন্টারস্টেট 86 থেকে রুট 417 পর্যন্ত, ক্যাটারাউগাস কাউন্টির ক্যারলটন শহরে।

o নায়াগ্রা কাউন্টির হুইটফিল্ড শহরে মার্কিন রুট 62 এবং NY রুট 429 এর সংযোগস্থল পুনর্গঠনের জন্য 5.9 মিলিয়ন ডলার।

• **পরিবহন পরিচালনার সহায়তা:** বাজেট নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটিকে (Niagara Frontier Transportation Authority, NFTA) 68.2 মিলিয়ন ডলার প্রদান করে, যা FY22 এর চেয়ে 15% বেশি।

• **নন-MTA পরিবহন মূলধন সহায়তা:** বাজেট নন-MTA ট্রানজিট মূলধন সহায়তায় বছরে 35 মিলিয়ন ডলার বৃদ্ধি প্রদান করে এবং ট্রানজিট এজেন্সিগুলির বৈদ্যুতিক বাসে রূপান্তরকে সমর্থন করার জন্য 100 মিলিয়ন ডলারের পাঁচ বছরের মূলধন কর্মসূচির তৃতীয় বছরের জন্য 20 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করে। প্রতিটির একটি অংশ NFTA-কে উপকৃত করবে। বাজেটে NFTA-এর হালকা রেল ব্যবস্থা পুনর্বাসনের জন্য 100 মিলিয়ন ডলারের পাঁচ বছরের মূলধন কর্মসূচির চতুর্থ বছরের জন্য 20 মিলিয়ন ডলারও অন্তর্ভুক্ত রয়েছে।

স্থানীয় সরকার

• **পৌরসভাগুলির জন্য সহায়তা ও প্রণোদনা প্রদান করা।** বাজেটে এই অঞ্চলের স্থানীয় সরকারগুলিকে সাধারণ উদ্দেশ্যে সহায়তার জন্য 212.3 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে।

• **করদাতাদের সাশ্রয় তৈরি করার জন্য স্থানীয় সরকারগুলোকে একত্রীত করা**। বাজেট সিটিজেন এমপাওয়ারমেন্ট ট্যাক্স ক্রেডিট (Citizen Empowerment Tax Credit, CETC) প্রোগ্রামের মাধ্যমে বিলীন হয়ে যাওয়া গ্রামে বসবাসকারী WNY করদাতাদের জন্য 615,000 ডলারেরও বেশি সঞ্চয় প্রদান করে।

• **শেয়ার্ড সার্ভিসের মাধ্যমে সম্পত্তি কর এবং স্থানীয় সরকারের খরচ কমানো।** কাউন্টি ওয়াইড শেয়ারড সার্ভিসেস ইনিশিয়েটিভ (County Wide Shared Services Initiative, CWSSI) এর মাধ্যমে স্থানীয় সরকারগুলির মধ্যে সহযোগিতা সমর্থন করার উদ্দেশ্যে প্রায় 200 মিলিয়ন ডলারের রাজ্যের ম্যাচিং তহবিল প্রদান করে চলেছে বাজেটটি। আজ অবধি, পশ্চিম NY-তে প্রকল্পগুলিকে রাজ্যের ম্যাচিং তহবিলে 1.4 মিলিয়নেরও বেশি প্রদান করা হয়েছে।

• **ভিডিও লটারি টার্মিনাল ইমপ্যাক্ট এইড বজায় রাখা।** বাজেটে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পৌরসভার সুবিধা সহ ভিডিও লটারি টার্মিনাল ইমপ্যাক্ট এইডের জন্য 3.1 মিলিয়ন ডলার বজায় রাখে।

শিক্ষা

• **ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্কুলগুলিকে সহায়তা করা।** কোভিড-19 মহামারির কারণে তৈরি হওয়া চলমান চ্যালেঞ্জগুলোর মধ্যে শিক্ষার্থী, শিক্ষক, ও স্কুলগুলোর প্রয়োজন পূরণের জন্য বাড়তি তহবিল প্রদান করার মধ্য দিয়ে নিউ ইয়র্ক স্টেট শিক্ষার প্রতি এর জোরালো অঙ্গীকারাবদ্ধতা অব্যাহত রেখেছে। FY 2023 প্রণীত বাজেট ওয়েস্টার্ন নিউইয়র্কে স্কুলের সাহায্যকে 169.2 মিলিয়ন ডলার বৃদ্ধি করে (6.8 শতাংশ), যার মধ্যে আছে 122.3 মিলিয়ন (7.3 শতাংশ) ফাউন্ডেশন এইড বৃদ্ধি। এই বৃদ্ধি মূলত ফাউন্ডেশন এইড সূত্রের সম্পূর্ণ অর্থায়নের তিন বছরের পর্যায় এর দ্বিতীয় বছরের দ্বারা চালিত হয়।

<u>অর্থনৈতিক উন্নয়ন</u>

• **বাফেলো বিলস।** FY 2023 রাজ্য বাজেটে একটি যৌথ পাবলিক-প্রাইভেট চুক্তির অধীনে একটি নতুন 1.4 বিলিয়ন ডলারের স্টেডিয়াম নির্মাণে সহায়তা করার জন্য 600 মিলিয়ন ডলারের মূলধনী তহবিল অন্তর্ভুক্ত রয়েছে, যাতে আগামী 30 বছরের জন্য বাফেলো বিলস নিউ ইয়র্ক স্টেটে থাকে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ইতিহাসে এই বৃহত্তম নির্মাণ প্রকল্পটি 10,000টি ভালো বেতনের ইউনিয়নের চাকরি তৈরি করবে এবং রাজ্যের অবদান বাফেলো বিলস এন্টারপ্রাইজ দ্বারা উৎপন্ন গেমিং সেটেলমেন্ট রাজস্ব এবং আয়করের চেয়ে বেশি হবে।

<u>স্বাস্থ্য</u>

• **স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোতে বিনিয়োগ করা।** ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের সমস্ত পূর্ণ এবং আংশিক-পরিষেবা কাউন্টিগুলির জন্য সাধারণ জনস্বাস্থ্য কাজের (General Public Health Work) (ধারা 6) বেস অনুদান বাড়ানোর জন্য কার্যকর বাজেটে প্রায় 1 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই প্রণীত বাজেটে স্টেট সহায়তা ভর্তুকির মাধ্যমে জনস্বাস্থ্য খাতের কর্মীদের জন্য বাড়তি সুবিধা প্রদানের ব্যয় পরিশোধের জন্য সকল কাউন্টির জন্য তহবিল বিনিয়োগও অন্তর্ভুক্ত করা হয়েছে, যা কাউন্টিগুলোকে জনস্বাস্থ্য খাতের চাহিদা পূরণের জন্য তাদের কর্মীদের মাত্রা বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা করবে।

• **রাশাউন নিকোল কিং কমিউনিটি হেলথ অ্যান্ড এডুকেশন সেন্টার নির্মাণ করা:** প্রণীত বাজেটে বাফেলোতে রাশাউন নিকোল কিং কমিউনিটি হেলথ অ্যান্ড এডুকেশন সেন্টার (Rashaun Nicole King Community Health and Education Center) নির্মাণের উদ্দেশ্যে রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউটের (Roswell Park Cancer Institute) জন্য নতুন 2 মিলিয়ন ডলারের বিনিয়োগের ব্যবস্থা করা হয়েছে। রাশাউন নিকোল কিং কমিউনিটি হেলথ অ্যান্ড এডুকেশন সেন্টার বাফেলো এলাকায় জনস্বাস্থ্যের প্রচার ও শিক্ষার জন্য একটি বাহক হিসেবে কাজ করবে।

• **রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউট (Roswell Park Cancer Institute, RPCI) ফুসফুসের ক্যান্সারের স্ক্রীনিং।** FY 2023 বাজেট ফুসফুসের ক্যান্সার স্ক্রীনিং মোবাইল ভ্যান এবং সংশ্লিষ্ট চিকিৎসা প্রযুক্তি সংগ্রহের জন্য RPCI-কে 4 মিলিয়ন ডলারের এককালীন বিনিয়োগ প্রদান করে। ফুসফুসের ক্যান্সারের প্রাথমিক সনাক্তকরণের জন্য এই মোবাইল ভ্যানগুলিকে জাতিগতভাবে বৈচিত্র্যময় এলাকা এবং সম্প্রদায়গুলিতে মোতায়েন করা হবে। এছাড়াও, FY 2023 বাজেট বিভিন্ন এবং কম প্রতিনিধিত্ব করা জনসংখ্যার মধ্যে ক্যান্সার স্ক্রিনিং অপারেশন সম্প্রসারণ এবং উন্নত করার জন্য রোজওয়েল পার্কের জন্য অতিরিক্ত চলমান অপারেশনাল সহায়তায় 4 মিলিয়ন ডলার বিনিয়োগ করে।

<u>আবাসন</u>

• **আশেপাশের এলাকা ও গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি (NPP/ RPP)।** ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আবাসন সহায়তা, সম্প্রদায়ের পুনর্নবীকরণ কার্যক্রম এবং ভাড়ার ভর্তুকি প্রদানকারী সম্প্রদায়-ভিত্তিক অলাভজনক গোষ্ঠীগুলিকে সমর্থন করার জন্য প্রতিবেশী সংরক্ষণ কর্মসূচির (Neighborhood Preservation Program, NPP) জন্য বাজেটে 2 মিলিয়ন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত রয়েছে।

• **গ্রামীণ ভাড়াটে সহায়তা কর্মসূচি (Rural Rental Assistance Program, RRAP)।** বাজেট রাজ্যের পশ্চিম অঞ্চলে গ্রামীণ ভাড়াটেদের জন্য 900টিরও বেশি কম আয়ের আবাসনের জন্য গ্রামীণ ভাড়া সহায়তা কর্মসূচির (RRAP) মাধ্যমে ভাড়া সহায়তা প্রদান করে।

রাজস্ব সংক্রান্ত পদক্ষেপ ও STAR

• **বাড়ির মালিকের কর ছাড়ের ক্রেডিট (Homeowner Tax Rebate Credit) প্রদান করা।** এই বাজেটে নিম্ন- ও মধ্যম-আয়ের উপযুক্ত পরিবারগুলোর জন্য এবং উপযুক্ত প্রবীণদের পরিবারগুলোর জন্য বাড়ির মালিকের কর ছাড় ক্রেডিট নামক একটি নতুন সম্পত্তির কর সংক্রান্ত ত্রাণের ক্রেডিট তৈরি করা হয়েছে।

o ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাড়ির মালিকদের গড় সুবিধা হবে প্রায় 650 ডলার, যা আনুমানিক 283,000 সম্পত্তি কর-প্রদানকারী পরিবারকে ত্রাণ প্রদান করবে।

• **মধ্যবিত্ত শ্রেণির করের ছাড় ত্বরান্বিত করা।** এই বাজেটে মধ্যবিত্ত শ্রেণির কর ছাড় বাস্তবায়নের সময় দুই বছর এগিয়ে আনা হয়েছে, যার সম্পূর্ণ বাস্তবায়ন কর বর্ষ 2025 এর পরিবর্তে কর বর্ষ 2023 থেকে শুরু হবে।

o এটি আনুমানিক 350,000টি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের করদাতাকে উপকৃত করবে বলে অনুমান করা হয়, যেখানে কর বছরে 2023 এ গড় কর 116 ডলার, এবং কর বছর 2024 এ গড় কর 59 ডলার।

• **উপার্জিত আয়করের ক্রেডিট (Earned Income Tax Credit, EITC) এবং ননকাস্টডিয়াল প্যারেন্ট EITC বোনাস পেমেন্ট প্রদান করা।** বাজেট 2021 কর বছরের জন্য দাবি করা EITC বা নন-কাস্টোডিয়াল প্যারেন্ট EITC এর 25 শতাংশের সমান এক-কালীন সম্পূরক অর্থ প্রদান করে, এই শর্তে যে যদি সুবিধাটি যেন অন্তত 25 ডলার হয়।

o এটি 68,000 জন ওয়েস্টার্ন নিউ ইয়র্কের করদাতাদের 198 ডলার গড় সুবিধা প্রদান করবে বলে অনুমান করা হয়েছে।

• **এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit, ESCC) বোনাস পেমেন্ট প্রদান করা।** এই বাজেটে বেনিফিটের পরিমাণ কমপক্ষে 25 ডলার হওয়ার শর্ত সাপেক্ষে কর বর্ষ 2021-এ দাবিকৃত ESCC এর 25 থেকে 100 শতাংশের সমান এক-কালীন সম্পূরক পেমেন্ট প্রদান করা হবে।

o এটি 96,000 জন ওয়েস্টার্ন নিউ ইয়র্কের করদাতাদের 210 ডলার গড় সুবিধা প্রদান করবে বলে অনুমান করা হয়।

জননিরাপত্তা এবং সাধারণ সরকার

• **নতুন SNUG আউটরিচ নায়াগ্রা ফলস সাইট** - এই অঞ্চলে বন্দুক সহিংসতার উত্থান মোকাবেলায় নায়াগ্রা ফলসে একটি SNUG সাইট স্থাপন করতে বাজেট 500,000 ডলারের তহবিল প্রদান করে।

• **পারিবারিক সহিংসতা এবং নারী অধিকার** - আইনকৃত বাজেট SUNY বাফেলো ল্য স্কুলে (SUNY Buffalo Law School) পারিবারিক সহিংসতা এবং মহিলাদের অধিকার ক্লিনিককে 150,000 ডলার প্রদান করে।

পরিবেশ এবং শক্তি

FY 2023 প্রণীত বাজেটে নিম্নলিখিত স্টেট পার্ক প্রকল্পগুলির জন্য অতিরিক্ত অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে:

o বাফেলো হারবার ওয়াটার ফাউন্ডেশন ডিজাইন (Buffalo Harbor Water Foundation Design) - 15 মিলিয়ন ডলার

o নায়াগ্রা ফলস ক্রো নেস্ট এক্সটেনশন ডিজাইন (মেইড অফ দ্য মিস্ট এক্সিট)(Niagara Falls Crows Nest Extension Design, Maid of the Mist Exit) - 600,000 ডলার

o আর্টপার্ক শোরলাইন ট্রেইল সংযোগ (Artpark Shoreline Trail Connections) - 3 মিলিয়ন ডলার

FY 2023 প্রণীত বাজেটে নিম্নলিখিত DEC প্রকল্পগুলির জন্য অতিরিক্ত অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে:

o স্প্রিংভিল বাঁধ পুনর্বাসন (Springville Dam Rehabilitation)

o জোয়ার ভ্যালি জরুরী অ্যাক্সেস এবং অ্যাক্সেসিবিলিটি ট্রেইল (Zoar Valley Emergency Access and Accessibility Trail)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন